



তনু হত্যা মামলায় ১০ বছর পর গ্রেপ্তার, রিমান্ডে সাবেক সেনা কর্মকর্তা



সোহাগী জাহান তনু। ছবি: সংগৃহীত

আলোচিত সোহাগী জাহান তনু হত্যা মামলায় এক দশক পর প্রথম সন্দেহভাজন হিসেবে সাবেক সেনা কর্মকর্তা হাফিজুর রহমানকে গ্রেপ্তার করা হয়েছে। তাকে তিন দিনের রিমান্ডে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত।

বুধবার কুমিল্লা সদর আমলি আদালত-১ এর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট মোমিনুল হক এ আদেশ দেন। পিবিআই জানায়, তাকে নিজ বাড়ি থেকে আটক করা হয়েছে এবং জিজ্ঞাসাবাদের জন্য রিমান্ড চাওয়া হয়। এর আগে চলতি মাসে আরও তিন সন্দেহভাজনের ডিএনএ নমুনা মিলিয়ে দেখার অনুমতি নেওয়া হয়।

আদালত সূত্রে জানা গেছে, এ মামলায় প্রায় ৮০টি শুনানি হয়েছে এবং গত ১০ বছরে চারটি সংস্থার অধীনে সাতজন তদন্ত কর্মকর্তা কাজ করেছেন। ২০১৬ সালে কুমিল্লা সেনানিবাস এলাকায় তনুর মরদেহ উদ্ধারের পর দেশজুড়ে ব্যাপক আলোড়ন সৃষ্টি হয় এবং বিচার দাবিতে দীর্ঘদিন আন্দোলন চলে।

LENS ASIA